JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ওয়েস্ট ভিলেজে ওয়ার্ল্ডপ্রাইড (WORLDPRIDE) ওয়েলকাম সেন্টারের শুভ উদ্বোধন ঘোষণা করেন

নতুন সেন্টার নিউ ইয়র্ক স্টেটকে LGBTQ কমিউনিটির জন্য স্বাগত স্থান হিসেবে তুলে ধরবে এবং ওয়ার্ল্ডপ্রাইড ইভেন্টগুলি প্রচার করবে

আজ নিউ ইয়র্কে LGBTQ প্রাইড মাস শুরু

সেন্টারের ছবি এখানে উপলব্ধ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্ক সিটি এর ওয়েস্ট ভিলেজ 112 ক্রিস্টোফার স্ট্রিটে স্টোনওয়াল জাতীয় স্মৃতিস্তম্ভের নিকটে অবস্থিত নিউ ইয়র্ক স্টেট ওয়ার্ল্ডপ্রেড ওয়েলকাম সেন্টারের শুভ উদ্বোধন ঘোষণা দিয়েছেন। ওয়ার্ল্ডপ্রাইড, সবথেকে বড় আন্তর্জাতিক LGBTQ প্রাইড সেলিব্রেশান, মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথমবার অনুষ্ঠিত হচ্ছে 50 স্টোনওয়াল স্মৃতিচারণার সাথে মিলিত হয়ে।

"প্রাইড LGBTQ সম্প্রদায়ের জন্য এবং সমস্ত নিউ ইয়র্কারদের জন্য বিশেষ মাস এবং স্টোনওয়ালের 50 তম বার্ষিকী উপলক্ষে এম্পায়ার স্টেট আয়োজিত ওয়ার্ল্ডপ্রাইডের সাথে আমাদের অনেক কিছু উদযাপন ও স্মরণ করার আছে", **গভর্নর কুওমো বলেন।** "বিবাহের সাম্যতা ও ট্রান্সজেন্ডার ব্যক্তিদের জন্য সংকটপূর্ণ সুরক্ষা নিয়ে ট্রাম প্রশাসনের সাথে আমাদের চলমান যুদ্ধে GENDA, নিউ ইয়র্ক LGBTQ অধিকারের জন্য লড়াইয়ে জাতীয় নেতা হয়ে উঠেছে এবং আমরা অনেক ভালোবাসি বলে সর্বদা এই সম্প্রদায়ের পাশে দাঁড়াব। এই জুনে লাখ লাখ মানুষ আমাদের স্টেট পরিদর্শন করে, ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টার নিউ ইয়র্কের LGBTQ অধিকার আন্দোলনের মূল ও অর্জনগুলিকে তুলে ধরে এবং নিরাপদ, ঘৃণাবিহীন স্বাগতিক গন্তব্য হিসেবে প্রচার করবে।"

"নিজের লিঙ্গ পরিচিতির কারণে কোনো মানুষের বৈষম্য বা সহিংসতার শিকার হওয়া উচিত না, বিশেষ করে এমন একটি স্টেটে যেখানে LGBTQ অধিকার আন্দোলনের সূত্রপাত হয়েছিল", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আমরা আমাদের সেই বৈচিত্র্য গর্বের সাথে উদযাপন করি যা আমাদের এম্পায়ার স্টেট বানায়। আমরা স্টোনওয়াল 50 কে চিহ্নিত করেছি, স্টোনওয়াল জাতীয় স্মৃতিস্তম্ভের কাছে নতুন ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টারকে সম্প্রদায় ও সাম্যতার একটি স্তম্ভ হিসাবে দাঁড়িয়েছে। আমরা আমাদের ইতিহাসকে গ্রহণ অব্যাহত রাখব কারণ আমরা জাতিকে এমন রাষ্ট্র হিসাবে নেতৃত্ব দিই যা সকলকে স্বাগত জানায়।"

নিউ ইয়র্ক সিটি প্রাইড / হেরিটেজ অফ প্রাইড (NYC Pride/Heritage of Pride) এবং LGBT কমিউনিটি সেন্টারের যৌথভাবে নির্মিত নিউ ইয়র্ক স্টেট ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টার মূল স্টোনওয়াল ইন (Stonewall Inn) এর সাইট থেকে মাত্র এক ব্লক দূরে অবস্থিত। 1969 সালের 28 জুন, LGBTQ সম্প্রদায়ের সদস্যরা স্টোনওয়াল ইন-এ স্বতঃস্ফূর্ত বিক্ষোভ শুরু করে যা ছয় দিনব্যাপী স্থায়ী হয় এবং আজকে আধুনিক LGBTQ অধিকার আন্দোলনের নিয়ামক হিসাবে স্বীকৃত। ওয়েলকাম সেন্টার ম্যাটাচাইন সোসাইটি (Mattachine Society) ও 1950 এর দশকের ডটারস অব বিলিটিস (Daughters of Bilitis) থেকে শুরু করে 1960 এর দশকের স্টোনওয়াল জাগরণ, 2010 এ গভর্নর কুওমোর স্টেট ম্যারিজ ইকুয়ালিটি আইন স্বাক্ষর পর্যন্ত নিউ ইয়র্কের সাম্যতার জন্য সংগ্রামী ভূমিকা একটি টাইমলাইন গ্যালারির মাধ্যমে উপস্থাপন করে।

রংধনু প্রাইড রং ওয়েলকাম সেন্টার জুড়ে বিশেষভাবে বৈশিষ্ট্যযুক্ত। দর্শকরা I LOVE NY LGBT লোগো সম্বলিত সেলফি দেওয়ালে ছবি তুলতে পারে। মাথার উপরে সেন্টারের সিলিংএ প্রাইড পতাকার সৃজনশীল বিশ্লেষণী ব্যাখ্যা প্রদর্শন করে এছাড়াও রংধনু রং সেন্টারের শেলফ ও লাইটিং এও সংযুক্ত।

ভ্রমণ ও পর্যটনকে উৎসাহিত করা হল ওয়েলকাম সেন্টারের মিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। একটি ভিডিও ওয়াল LGBTQ ভ্রমণকারীর সাথে স্টেটের জনপ্রিয় গন্তব্যগুলি তুলে ধরে এবং ওয়ার্ল্ডপ্রাইডের সাথে মিলিত হওয়ার জন্য নির্ধারিত বিশেষ ইভেন্টগুলিকে প্রচার করে। ইন্টারেক্টিভ I LOVE NY কিয়স্কগুলি দর্শকদের স্টেস্ট সম্পর্কে তাদের জ্ঞান পরীক্ষা করতে বা একটি ভ্রমণ প্রোফাইল তৈরি করতে দেয় যা আগ্রহের উপর ভিত্তি করে আকর্ষণীয় বিষয়গুলির প্রস্তাব দেয়।

গভর্নরের পরামর্শদাতা আলফোনসো ডেভিড বলেন, "গভর্নর ক্যুমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক LGBTQ ব্যক্তিদের সমান অধিকার ও সুরক্ষা নিশ্চিত করতে ঐতিহাসিক অগ্রগতির লড়াই করেছে। আমাদের রাষ্ট্র অগ্রগতির পথপ্রদর্শক কারণ নিউ ইয়র্কার হিসাবে আমরা বৈচিত্র্য উদযাপন করি এবং আমাদের আইনগুলি যেন আমাদের মূল্যবোধ প্রতিফলিত করে তা নিশ্চিত করি। ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টার যা LGBTQ সাম্যতার জন্য যুদ্ধরত কর্মীদের প্রতি শ্রদ্ধা জানায়, দৃঢ়তা ও ঐক্যের এই মহান আত্মার রূপদান করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টা1960sর দর্শকদের সমান অধিকার উন্নয়নের জন্য নিউ ইয়র্ক স্টেটের মূল ভূমিকা সম্পর্কে ধারণা দেয় এবং স্টেটব্যাপী লক্ষ লক্ষ লোকের জন্য জনপ্রিয় LGBTQ ইভেন্ট এবং আকর্ষণগুলি প্রদর্শন করবে।"

নিউ ইয়র্ক স্টেট পর্যটনের নির্বাহী পরিচালক রস ডি. রেভি বলেছেন, "এক বছরেরও বেশি সময় ধরে, I LOVE NY নিউ ইয়র্ক স্টেটের ওয়ার্ল্ডপ্রাইড উদযাপন অনুষ্ঠানগুলি দেখার জন্য দর্শকদের জন্য একটি বিশ্বব্যাপী আমন্ত্রণ সম্প্রসারিত করেছে। নতুন ওয়েলকাম সেন্টার এই বছর ওয়ার্ল্ডপ্রাইড ফেস্টিভ্যাল ও আসন্ন ছুটিতে LGBTQ ভ্রমণকারীদের স্টেট জুড়ে যে সব চমকপ্রদ স্থান আছে সেসব স্থানে ভ্রমণ করার জন্য উৎসাহ প্রদান করতে পেরে রোমাঞ্চিত।"

নিউ ইয়র্ক সিটি প্রাইড/হেরিটেজ অব প্রাইড এর এক্সিকিউটিভ ডিরেক্টর ক্রিস ফ্রেডরিক বলেন, "গভর্ণর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট এই ঐতিহাসিক বছরে যেখানে আমরা সমগ্র জুন মাস জুড়ে মিলিয়ন মিলিয়ন দর্শনার্থীদের স্বাগত জানিয়ে ওয়ার্ল্ড প্রাইডকে সফল করতে প্রতিজ্ঞাবদ্ধ। এর জন্য ওয়েলকাম সেন্টার দর্শনার্থীদের স্টোনওয়াল বিপ্লব, আমাদের ইতিহাস এবং নিউ ইয়র্ক সিটি ও স্টেটের বিভিন্ন দর্শনীয় স্থান সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করতে কাজ করবে। আমরা সবাইকে ওয়েস্ট ভিলেজের প্রাণকেন্দ্রে ওয়ার্ল্ড ওয়েলকাম সেন্টারে পরিদর্শন করার জন্য উৎসাহ প্রদান করছি এবং এই ঐতিহাসিক বছরে প্রাইডের অগণিত মুহূর্ত উদযাপন করতে আপনার যাত্রা শুরু করুন!"

LGBT কমিউনিটি সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর গ্লেন্ডা টেস্টোন বলেন, "যেহেতু আমরা নিউ ইয়র্ক সিটিতে ওয়ার্ল্ডপ্রাইডে কয়েক মিলিয়ন দর্শনার্থীকে স্বাগত জানানোর প্রস্তুতি গ্রহণ করছি, তাই আমাদের শহরের LGBTQ অধিকারের সমৃদ্ধ ইতিহাসটি প্রদর্শন করার জন্য এবং প্রাইড উদযাপনকারী মানুষকে তাদের প্রয়োজনীয় তথ্য প্রদানের জন্য ওয়ার্ল্ড প্রাইড ওয়েলকাম সেন্টার এবং LGBT কমিউনিটি সেন্টারের মত গন্তব্যস্থলসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। LGBTQ সম্প্রদায়ের জন্য নিরাপদ, সুনিশ্চিত ক্ষেত্রসমূহ গুরুত্বের সাথে প্রতিষ্ঠার জন্য গভর্নর কুওমো এবং NYC প্রাইডের সাথে এই কাজটিতে অংশীদার হতে পারা সম্মানের ব্যাপার।"

2019 ওয়ার্ল্ডপ্রাইডের বর্ষপূর্তি উদযাপনে মার্চ, বিভিন্ন পরিবেশনা এবং উৎসবসমূহ অন্তর্ভুক্ত থাকবে যা LGBTQ অধিকারের আন্দোলনের প্রতিনিধিত্ব করবে এবং যুক্তরাষ্ট্রে এবং সারা বিশ্ব জুড়ে আনুমানিক চার মিলিয়ন দর্শককে স্বাগত জানাবে। ধারণা অনুসারে, নিউ ইয়র্ক স্টেট এবং I LOVE NY স্টোনওয়াল 50 এবং ওয়ার্ল্ডপ্রাইড 2019 এর জন্য সকলকে স্টেটে আসার জন্য প্রচার ও উৎসাহ প্রদান করা অব্যাহত রাখে। গত কয়েক বছর ধরে, ওয়ার্ল্ডপ্রাইড 2019 এবং স্টোনওয়াল 50 (নিউ ইয়র্ক শহর প্রাইড/হেরিটেজ অফ প্রাইড) এর সংগঠকদের সাথে অংশীদার হয়ে, I LOVE NY, অনুষ্ঠানটিতে এবং স্টেটে ভ্রমণ প্রচারের উদ্দেশ্যে সারা বিশ্বে প্রাইড ইভেন্টগুলিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। স্টেট জুড়ে অনুষ্ঠিত বিশেষ ওয়ার্ল্ডপ্রাইড অনুষ্ঠানগুলি প্রচার করে, একটি লক্ষীভূত প্রিন্ট ও ডিজিটাল বিজ্ঞাপন প্রচারাভিযান আরম্ভ করা হয়েছে। ওয়ার্ল্ডপ্রাইড 2019 ভ্রমণের পথপ্রদর্শকসহ, I LOVE NY LGBT সম্পর্কে আরও তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক সিনেটের একমাত্র প্রকাশ্য LGBTQ সদস্য সিনেটর ব্র্যাড হোলম্যান বলেন, "অর্ধ শতাব্দী আগে স্টোনওয়াল এ প্রথম ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছিল এবং সেই থেকে বিশ্বব্যাপী মানবাধিকারের আন্দোলনকে প্রজ্জ্বলিত করছে। তখন থেকে এই বছর আমরা চূড়ান্তভাবে নিউ ইয়র্কের ট্রান্সজেন্ডার অধিবাসীদের জন্য সমানাধিকার নিশ্চিত না করা পর্যন্ত আমাদের সম্প্রদায় সমানাধিকারের জন্য লড়াই করছে - স্টেট আইন পরিষদ এবং গভর্নর কুওমোকে ধন্যবাদ। LGBTQ মানবাধিকারের অগ্রগতির আন্তর্জাতিক উদযাপনের সূচনাকে স্মরণীয় করে রাখার জন্য এবং গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে তাদের প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাতে আজ নিউ ইয়র্ক ওয়ার্ল্ডপ্রাইড ওয়েলকাম সেন্টারের উদ্বোধন দেখে আমি রোমাঞ্চিত।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "আমি খুব আনন্দিত যে নিউ ইয়র্ক সিটি এই বছর ওয়ার্ল্ডপ্রাইডের আয়োজন করছে এবং এমনকি আরও আনন্দিত যে নিউ ইয়র্ক স্টেট ওয়ার্ল্ডপ্রাইড

ওয়েলকাম সেন্টারটি গ্রীনউইচ ভিলেজের কেন্দ্রস্থলে স্থাপিত হবে যা সম্ভাব্যভাবে যুক্তরাষ্ট্রে LGBTQ অধিকার আন্দোলনের কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। আমাদের উদযাপন করার জন্য অনেক কিছু থাকা সত্ত্বেও বিশ্বজুড়ে LGBTQ সম্প্রদায়গুলির পক্ষ থেকে অব্যাহত সহায়তার প্রয়োজন রয়েছে। আমার ডিস্ট্রিক্টে দর্শনার্থী ও কর্মীদেরকে স্বাগত জানানো গর্বের বিষয় কেননা আমরা স্টোনওয়ালের 50 তম বার্ষিকী উদযাপন করছি এবং LGBTQ সমানাধিকারের জন্য সংগ্রাম চালিয়ে যাচ্ছি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্পিকার কোরি জনসন বলেন, "50 বছর পূর্বে গ্রীনউইচ ভিলেজের স্টোনওয়াল বিদ্রোহের ফলে সারা বিশ্ব জুড়ে LGBTQ অধিকারের একটি আন্দোলন ছড়িয়ে পড়েছিল, তাই এই বছরের ওয়ার্ল্ডপ্রাইড নিউ ইয়র্কে আয়োজিত হওয়া যুক্তিসঙ্গত। আমি গর্বিত যে আমার কাউন্সিল ডিস্ট্রিক্টে স্টোনওয়াল ইন থেকে কয়েক ব্লক দূরে অবস্থিত ওয়েলকাম সেন্টারটি ওয়ার্ল্ডপ্রাইডের দর্শকদেরকে গ্রীনউইচ ভিলেজ এবং নিউ ইয়র্কের সমস্ত বিস্ময়কর স্থাপনাসমূহ পরিদর্শন করতে সহায়তা করবে।"

গভর্নর কুওমো তার সমগ্র শাসনকালে, LGBTQ অধিকারগুলিতে বিশেষজ্ঞতা অর্জনে একজন জাতীয় নেতা হয়ে উঠেছেন। 2011 সালে, নিউ ইয়র্ক ঐতিহাসিক একই লিঙ্গে বিবাহ আইন (Marriage Equality Act) পাশ করেন এবং দেশের কাছে একটি বার্তা প্রেরণ করেন যে সমাজের অন্যতম প্রবল বৈষম্য শেষ করার এটাই ছিল সঠিক সময়। 2017 সালে, গভর্নর কুওমো স্টেটের সর্বোচ্চ আদালত - দ্য নিউ ইয়র্ক কোর্ট অফ অ্যাপিলে - পল ফেইনমেনের নাম প্রস্তাব করেছিলেন - যেখানে তিনিই ছিলেন সকলের সাথে আদালতে কাজ করা প্রথম একজন সমকামী ব্যক্তি।

এই বছরের প্রথমদিকে, গভর্নর কুওমো বৈষম্যহীন লিঙ্গ বহিঃপ্রকাশ আইন এবং রূপান্তর থেরাপির (conversion therapy) অনুশীলন নিষিদ্ধকারী বিধানকে আইন হিসেবে স্বাক্ষর করেন, যা LGBTQ কমিউনিটির জন্য একটি উল্লেখযোগ্য জয়। সেইসাথে, গভর্নর কুওমো নিউ ইয়র্ককে HIV/AIDS মহামারীকে শেষ করার জন্য দেশের মধ্যে প্রথম স্টেট বানাতে এবং ট্রান্সজেন্ডার নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত করতে স্বাস্থ্য সেবা এবং বিমা সম্পর্কিত আইনগুলিকে আরও শক্তিশালী করার জন্য অঙ্গীকারবদ্ধ।

2013 সালে, গভর্নর কুওমো দেশের 70 বিলিয়ন মার্কিন ডলারের স্বদেশীয় LGBTQ ভ্রমণের জন্য বিজ্ঞাপন, সোশ্যাল মিডিয়া এবং পরীক্ষামূলক বিপণনের মাধ্যমে একটি আমন্ত্রণ জানাতে I LOVE NY LGBT পর্যটন উদ্যোগটি আরম্ভ করেছিলেন। গত বছর, গভর্নর, 2016 সালের জুন মাসে অর্ল্যান্ডো পালস নাইট ক্লাবে (Orlando Pulse nightclub) গুলিচালনার ঘটনায় যারা প্রাণ হারিয়েছেন, এবং ঘৃণা, অসহিষ্ণুতা এবং হিংসার ঘটনার শিকার স্টেটের সকল ব্যক্তি সহ, LGBTQ কমিউনিটিকে সম্মান প্রদর্শন করে নিউ ইয়র্কের অফিসিয়াল স্মৃতিসৌধের সূচনা করেছেন। এই স্মৃতিসৌধটি ডিজাইন করেছেন, হাডসন রিভার পার্কে, গ্রীনউইচ গ্রামের প্রশ্চিম প্রান্তে বসবাসকারী অ্যান্থনি গয়সোলিয়া। 2018 সালে গভর্নর কুওমো অবার্নে নিউ ইয়র্ক স্টেট ইক্যুয়াল রাইটস হেরিটেজ সেন্টারের (New York State Equal Rights Heritage Center) উদ্বোধন করেন যা যা LGBTQ ইতিহাসকে সব আমেরিকানদের জন্য ন্যায়বিচারকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্কের নেতৃত্বের ভূমিকার অংশ হিসেবে প্রকাশ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন